মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৪৭তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।

তারিখ ঃ ২৩/০৩/২০২৩ খ্রিস্টাব্দ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ২৩/০২/২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ	আলোচনাসমূহ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	**উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি রবি/২০২২-২৩ মৌসুমে বিগত মৌসুমের তুলনায় সরিষা ৩৩০ হেক্টর, গম ১৪৬০ হেক্টর ও ভূট্টা ৭৬৪ হেক্টর আবাদ বৃদ্ধি পেয়েছে। উক্ত ফসল সহ রবি মৌসুমে আবাদকৃত অন্যান্য ফসল আবাদে কৃষককে প্রয়োজনীয় পরামর্শ ও নিবিড় তদারকিতে উপসহকারী কৃষি কর্মকর্তা সহ কৃষি বিভাগের কর্মকর্তাগণ সচেষ্ট আছেন। মাঠে দন্ডায়মান ফসলে রোগবালাইয়ের প্রকোপ কম রয়েছে। অত্র উপজেলায় ৪৬৫৭ হেক্টর জমিতে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যা শতভাগ অর্জনে কৃষি প্রণোদনা ও প্রকল্পের মাধ্যমে কৃষকের মাঝে বিনামূল্যে উপকরণ সহায়তা প্রদানসহ উদ্বুদ্ধকরণে মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে রাসায়নিক সারের সার্বিক মজুদ পরিস্থিতি সন্তোষজনক। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	উপজেলা কৃষি কর্মকর্ত সরকারি প্রনোদনায় কৃষি যন্ত্রপাতি, বীজ ও অন্যান্য উপকরণ বিতরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। সার ডিলার ও সাব ডিলাররা সার মজুদ করে যেন কৃষক হয়রানি না করে সে বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা যথাযথ মনিটরিং করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	উপজেলা প্রকৌশলীঃ ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বোয়ালিয়া বিশ্বাস পাড়া শেখপাড়া মসজিদ সড়ক(ইঞ্জিনিয়ার সাখায়াত সড়ক) চেঃ ০০-৮০০ মিটার। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্পের প্রাক্কলনের কাজ চলছে দ্রুত টেন্ডার করার জন্য সভায় আলোচনা করেন। খ) তিনি আরো জানান যে, দৌলতপুর উপজেলার বিভিন্ন স্থানে ব্যাটস্ দ্বারা মেরামত করা হয় তার বর্তমান মূল্যে নির্ধারণ করার জন্য সভায় আলোচনা করেন।	ক) দ্রুত ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ টেন্ডার করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিস্তারিত আলোচনান্তে প্রতি কিউবিক মিটার ব্যাটস্ এর মূল্যে ২৬৯২.০৩ (দুই হাজার ছয়শত বিরানব্বই টাকা তিন পয়সা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী
০৩	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২৩ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতী মায়ের জন্য) ৮২৯, টিটি (টিকা সাধারণ মহিলা ২২৫৪, ভিটামিন	দাপ্তরিক কাজ ও বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে পালনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা

	এ (প্রসব পরবর্তী মায়ের জন্য) ১৩৩, বিসিজি-(টিকা) ৮০৫, পেন্টা-১ = ৮০২, পেন্টা-২= ৮৬২, পেন্টা-৩= ৮৪১, এম আর টিকা ৬৫৬, এমএসডি/এমআর-২(টিকা) ৮০৭, মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম (ডিএসএফ) সংক্রান্ত ঃ কার্ড বিতরণ ৬৬, প্রসব পূর্ব সেবা-১ - ৩০৪, প্রসব পূর্ব সেবা-২- ৭৮, প্রসব পূর্ব সেবা-৩-৪৬, নরমাল ডেলিভারি ২৬,সিজারিয়াল অপারেশন ০, প্রসবোত্তোর সেবা ৩২, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। চিকিৎসা সেবা প্রদান জরুরী বিভাগ ২২১৫, বহিঃ বিভাগ ৯৫৪৪, অন্তঃবিভাগ ২১১২, কোভিড-১৯ নমূনা পরীক্ষা ০ ,কোভিড-১৯ পজিটিভ ০, মৃত্যু নাই।		অফিসার
০৪	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৩ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১০,৭৩০, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৫৮০,কনডম গ্রহণ করার সংখ্যা ১৩,৬৯০ ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০,৩৪০, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৩৮০, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০১৮, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২০৪ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ১৮,৮৬৭ মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৮,০৭৯ গ্রহণ কারীর হার ৭৯.৫৪ %। ফেব্রুয়ারি/২৩ খ্রিঃ মাসে ২২ জনকে স্থায়ী পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে।	ক) প্রাগপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পরিত্যক্ত ভবন অপসারনের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে বিধি মোতাবেক অপসারন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৫	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** ঃ ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৩ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ ক) গবাদি প্রাণির টিকাদান ঃ ২২৮২৪, খ) হাঁসমুরগীর টিকাদান ঃ ৪০৫০০ মাত্রা, গ) গবাদি পশুর চিকিৎসা ঃ ২৩৩৬, টি ঘ) হাস মুরগির ১৩৯২৬ টি। ২) গবাদি পশুর কৃত্রিম প্রজননের সংখ্যা ১৭২০+০৪ টি। ৩। রাজস্ব আদয় ঃ ক) খামার রেজিঃ /- টাকা, খ) টিকিট বিক্রয় বাবদ ঃ ১৯৯৭০/- টাকা, কৃত্রম প্রজনন ফি বাবদ ৫১৭২০ টাকা। ৪) তড়কারোগ প্রতিরোধের বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং ইহা প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করেন। ৫) প্রশিক্ষন প্রাপ্ত সেচ্ছাসেবীগন কত্রকঃ ক) গবাদিপশুর টিকাদান কাজ চলছে। খ) হাঁস-মুরগীর টিকাদান কাজ চলছে। অফিসের অন্যন্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	অত্র উপজেলায় ব্লাক বেঙ্গল ছাগলের মাংসের সম্ভাবনা ও রপ্তানির বিষয়ে করনীয় নির্ধারনের জন্য পালনকারী খামারীদের সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৬	**উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,ফেব্রুয়ারি/২০২৩ খ্রিঃ ১) ক্যান্সার-৭৭ জন, কিডনি-২০ জন, লিভার সিরেসিস০২,জন্মগত হৃদরোগ-১৩, স্ট্রোকে, থ্যালাসেমিয়া -০৩ স্ট্রোকে প্যারালাইজড-২৫ জন। মোট-১৪০ জন। সকল আবেদন জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরন করা হয়েছে।, ২) ২০২২-২০২৩ অর্থবছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ৩য় কিস্তির পেরোল প্রদান সম্পন্ন হয়েছে।, ৩। প্রকল্প ভুক্ত ঋন আদায় ও বিতরন কার্যক্রম চলমান আছে।, ৪) হাসপাতাল সমাজসেবা কার্যক্রম এর রোগী কল্যাণ সমিতির মাধ্যমে ৩৯ জন রোগীকে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কাজ গতিশীল, বিদ্যমান কোন সমস্যা থাকলে তা নিরসনে কর্মপন্থা প্রনয়ণ ও তার সঠিক বাস্তবায়নের মাধ্যমে জনগনের ভোগান্তি দূর করার জন্য বলা হয়। প্রয়োজনে ভাতা সংক্রান্ত বিষয়ে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে মিটিং জন সাধারনকে উপস্থিত রেখে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কোন নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হয় তা দেখভাল করার জন্য সকলে জোরালো মত ব্যক্ত করেন।	উপজেলা সমাজসেবা

০৭	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ** ঃ ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন অবকাঠামো সংস্কার ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন ১ম ও ২য় কিস্তির কাজ চলমান আছে।গড় অগ্রগতি ৮০% নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্য আহবান জানানো হয়। ২। বীর নিবাসের ১ম পর্যায়ের ৯টি গৃহের কাজ বাস্তবায়নের হার ৮০% । ২য় পর্যায়ের ৯৪টি বীর নিবাসের কাজ চলমান। গড় অগ্রগতি ৩০%। ৩) এবই বিবি প্রকল্পের নোয়া প্রদান করা হয়েছে।৪) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে ৩টি গৃহের নির্মান কাজ এর অগ্রগতি ৯৫%।	২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামো সংস্কার(কাবিটা)/(কাবিখা) সাঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। এছাড়া প্রতিটি কাজ মনিটরিং করার বিষয়ে সকলে মতদেন।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
০৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা** ঃ ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১) গত ২২/০৩/২০২৩ খ্রিঃ বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগীতা-২০২৩ সুষ্টভাবে অনুষ্ঠিত হয়।মোট জন ১২ জন(তিন গ্রুপে) শিক্ষার্থী প্রথম স্থান অধিকার করে। উপজেলা সবচেয়ে মেধাবী শিক্ষার্থী ১২ জন আমরা পেয়েছি। ২) পবিত্র রমজানের কারণে প্রতিষ্ঠান সমূহ ২৩/০৩/২০২৩ খ্রিঃ বন্ধ হয়েছে। ৩) দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে বিদ্যামান সমস্যা উল্লেখ করে তা সমাধানের রুপরেখা জানিয়ে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৯	**উপজেলা শিক্ষা অফিস** ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান মাস অগ্নিঝরা মাস। দৌলতপুর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়কে (সরকারী) পাঠদান চলার পাশাপাশি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চ এর ভাষন এর দিবস যথাযথ ভাবে পালন করা হয় । সেইমাসে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপন করা হয়। এছাড়া ২৫ শে মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস পালনে ব্যবস্থা সকল বিদ্যালয়ে নেয়া হয়েছে।	উপজেলা শিক্ষা অফিসারকে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়। পরিদর্শনে যদি কোন ব্যর্তয় ধরা পড়ে তবে নিয়মানুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১০	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** ঃ ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভি ডব্লিউ ডি ও মাতৃত্ব কালীন ভাতা অনলাইন কার্যক্রম শুরু চলছে ২। তিন মাস মেয়াদী প্রশিক্ষনে ভার্মিকম্পোষ্ট, মৌচাষ ২৫ জন ও ২৫ জন ফ্যাশান ডিজাইন ট্রেডে মোট ৫০ জন প্রশিক্ষন নিচ্ছে নিয়োগের আবেদন চলছে ৩। কিশোরকিশোরী ক্লাব কার্যক্রম চলমান। সপ্তাহে ২দিন সংগীত, আবৃত্তি প্রশিক্ষন চলমান। । সেখানে শিশুদের বিনোদনের জন্য বিভিন্ন ব্যবস্থা রয়েছে।	প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থী যাচাই-বাছাই,প্রশিক্ষনের ক্ষেত্রে নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালন এবং প্রশিক্ষন তদারকি ও মনিটরিং বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা বিষয়ক কর্মকর্তা
১১	**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৮৪ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৫৫৪৪ জন, ৪) মোট শেয়ার জমা ২২,১৭,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৮২,৩৩,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৯,১৫,১৭,০০০/-, ৭) ঋণ আদায় ৩৬,৫৮,৫৩,০০০/-, ৮) কর্জ আদায় (ক) চলতিঃ ২০,৬৫,৮০০০ /= (খ) খেলাপী ঃ ৫০,০৬,০০০/= (গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৩ %" অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্নকর্ম সংস্থান প্রকল্প" গ্রহিতার সংখ্যা ঃ ৯৫ জন ঋণ বিতরণ ঃ ৬১,০২,০০০/= ঋণ আদায় ঃ ৪২,৮৭,০০০, ঋণ চলতি ঃ ৫,৫১,০০০/= ঋণ খেলাপী ঃ ১২,৬৪,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৭০%।	বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়টি গুরুত্ত্ব সহকারে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা দ্রুত আদায়ের উদ্যোগ গ্রহন করতে হবে। প্রয়োজনে আইনি আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা জনস্বাস্থ্য বিভাগ** ঃ উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের	নলকূপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ	উপজেলা জনস্বাস্থ্য

	আওতায় বিভিন্ন ধরনের নলকূপ স্থাপন কাজ চলমান । ২) । PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মাণ কাজ চলমান। প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পানির উৎস স্থাপন কাজ চলামান। ৩) ইউনিয়ন পর্যায়ে পানির আর্সেসিক পরীক্ষার কাজ চলমান। ৪) বিশুদ্ধ পানি সরবরাহ ও প্রয়োজনীয়তা সম্পর্কে জনগনকে অবহিত করন ও স্বাস্থ্য বিধি সম্পর্কে ধারনা প্রদান করা হচ্ছে। ৫) দাপ্তরিক অন্যান্য সেবা মূলক কার্যক্রম চলমান আছে।	মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।	কর্মকর্তা দৌলতপুর
১৩	**উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগ প্রধানতঃ নিরাপদ মৎস্য উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণ এর কাজ করে থাকে। এজন্য যা যা প্রয়োজনীয় বিশেষ করে চাষিদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান, ঋণ প্রদান, প্রদর্শন খামার বাস্তবায়ন, জলাশয় সংস্কার ইত্যাদি।	যথাযথ নিয়ম প্রতিপালন করে যেন উপকারভোগী সরকারী বিভিন্ন কর্মসূচীতে প্রকৃত উপকারভোগী যেন নির্বাচন হয় সে বিষয়ে সকলে মত দেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১৪	**উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের ২০২২-২০২৩ সনের অডিটের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি ১৩৮৭৩০/-টাকা ও সমবায় উন্নয়ন তহবিলের ৮২৬৯৪/-টাকা আদায় পূর্বক সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান ও ডি.ডির মাধ্যমে সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে। মথুরাপুর ও সোনাইকুন্ডি আশ্রায়ন প্রকল্পের ঋন আদায় কার্যক্রম চলমান আছে। পাকুড়িয়া-০১ ও পাকুড়িয়া-০২ আশ্রায়ন প্রকল্পের ০২ টি সমবায় সমিতি গঠন গঠন করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে ৩য় পর্যায়ে বরাদ্দকৃত গৃহের উপকারভোগীদের ০৪ টি সমবায় সমিতি সমিতির নিবন্ধন করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২১-২০২২ খ্রিঃ মোট ৮৫ টি সমিতি অডিট বরাদ্ধ হয়েছে চলতি মাস পর্যন্ত ৭০টি সমিতি অডিট কার্যাদি সম্পন্ন করা হয়েছে। এছাড়াও সমবায় বিভাগ পানি ব্যবস্থাপনা, মৎস্যজীবী ও বহুমূখী সমবায় সমিতি সহ বিভিন্ন ধরণের পেশাজীবী সমবায় সমিতি গঠন তদারকীর মাধ্যমে উপজেলার দারিদ্র জনগোষ্ঠির আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।	সভায় সকল কার্যক্রমের সমন্বয় যথাযথভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া,অন্যান্য সকল কর্মসূচী বাস্তবায়নে যথাযথ নিয়ম/নীতিমালা অনুসরন করে আশ্রায়ণ প্রকল্পে ঋণ বিতরণের জন্য সভায় সকলে ঐকমত্য পোষন করেন।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৫	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৩ খ্রিঃ মাসে প্রাধান কার্যালয় থেকে প্রাপ্ত ঋণ তহবিল মোট প্রাপ্তি টাকার পরিমান ঃ ২৫৩৮৮০০/= ২) চলমান ঋণ বিতরণ- ৩৬০০০০/= ৩) এ বছরে মোট ঋণ বিতরণ ৩৪৫০০০০/= ৪) চলতি মাসে ঋণ আদায় ঃ ৬২৬৩৭৯/= ৫) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%। ৬) এ মাস পর্যন্ত মোট খেলাপী ঃ ২৪৩২১৩৫/= ৭) এ মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রাপ্ত ঃ ০ জন। ৮) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট প্রশিক্ষন ঃ ৯০৯৩ জন। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন।	ঋণ বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে ও প্রকৃত ঋণ প্রাপ্ত ব্যক্তি যেন ভালভাবে ঋণ কাজে লাগাতে পারে সে বিষয়টি দেখার জন্য বলা হয়। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপ/দলের নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা আদায়ে দ্রুত উদ্যোগ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৬	উপজেলা বন কর্মকর্তা বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১) ফেব্রুয়ারি/২৩ বন বিভাগ কর্তৃক সৃজিত কাতলামারি চার রাস্তার মোড় জামতলার মাঠ হতে আমলা সদরপুর ২৫ কিঃ মিঃ পর্যন্ত ৪ কিঃ মিঃ এবং খলিসাকুন্ডি ইউনিয়নের কাতলামারি চার রাস্তার মোড় হতে খলিশাকুন্ডি ব্রীজ পর্যন্ত ৭ কিঃ মিঃ বাগানে গাছ দরপত্র বিজ্ঞপ্তি ১৯৯৩-৯৪ সনের	অবৈধভাবে গাছ কাটা হলে যথাযথ মনিটরিং ও প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। আশ্রায়ণ প্রকল্পে ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা

	বাগান ঝাউদিয়া দিঘলকান্দি হয়ে লালনগর পর্যন্ত ৪.০০ কিঃমিঃ বাগানের গাছ ৫টি লটের মাধ্যমে বিজ্ঞপ্তী নং সাববিকু-১৯ ২০২২-২৩ তাং ২৫/০১/২৩ সনে বিক্রি সম্পর্ন । এবং খলিশাকুন্ডি কাতলামারি বাগানের ২টি ঝড়েপড়া লট বিক্রি হয়েছে। ২) মোবাইল কোর্ট ঃ উপজেলা প্রশাসনের সহযোগীতয় ৪টি অর্ধেক করাত কলে জরিমানা আদায় করা হয় ৪০,০০০/= টাকা । অবৈধ ইট ভাটাবন্ধে সকলের সহযোগীতা প্রয়োজন। এছাড়া ৭টি অবৈধ ইটভাটায় উপজেলা প্রশাসনের সহযোগীতায় জরিমানা আদায় করা হয়। অবৈধ ইট ভাটাবন্ধে পরিবেশ ও বন অধিদপ্তর এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।		
১৭	চেয়ারম্যান প্রাগপুরঃ চেয়ারম্যান প্রাগপুর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে শহীদ কচি সড়কে কাজ করে রেখেছেন কিন্তু কার্পেটিং করা হয়নি বিধায় সাধারণ জনগন ভোগান্তিতে আছে, দ্রুত কার্পেটিং এর কাজ করার জন্য অনুরোধ করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।	চেয়ারম্যান প্রাগপুর
১৮	চেয়ারম্যান মথুরাপুর ঃ চেয়ারম্যান মথুরাপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে হরিশংকরা তহহাট হোসেনাবাদ বাজারের রাস্তার পাশ দিয়ে বসে যার ফলে সড়কে দূর্ঘটনা ঘটছে বিধায় হাটটি অন্যত্র স্থানান্তর করার জন্য সভায় আলোচনা করেন।	বিস্তারিত আলোচনান্তে হরিশংকরা তহহাটটি মথুরাপুর বাজারের রাস্তায় না বসিয়ে আপাতত পার্শ্বে ফাঁকা জায়গায় স্থানআন্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান মথুরাপুর
১৯	চেয়ারম্যান ফিলিপনগর ঃ চেয়ারম্যান ফিলিপনগর সভায় জানান যে, সমাজসেবা অফিসের ভাতাভূগিদের টাকা মোবাইলে ফোন করে হ্যাকাররা বিভিন্ন কায়দায় টাকা তুরে নিচ্ছে এ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং ব্যবস্থা নেওয়ার জন্য সভায় আলোচনা করেন।	উপজেলা সমাজসেবা অফিসারকে বিষয়টি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
২০	চেয়ারম্যান মরিচা ঃ চেয়ারম্যান মরিচা ইউপি সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসারদের স্কুলগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। তিনি জানান যে, বিভিন্ন স্কুলে নান ধরনের সমস্যা আছে নিয়োমিত পরিদর্শন করে সেগুলো সমাধান করা যায়।	উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসারদের স্কুলগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসার
২১	চেয়ারম্যান চিলমারী ইউনিয়নঃ চেয়ারম্যান চিলমারী ইউপি সভায় জনান যে, তাঁর ইউনিয়নে বন্যায় রাস্তাঘাট ভেঙ্গে গেছে মেরামত করার জন্য সভায় আলোচনা করেন। তিনি আরও জানান যে, চিলমারিতে মানিকেরচর ৩ হাজার লোকের বসবাস কিন্তু এখন পর্যন্ত বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়নি । তিনি টিসিবির কার্ড বাই রোটেশন করে দেওয়ার জন্য সভায় আলোচনা করেন।	আলোচনান্তে উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহন করবেন, বিদ্যুতের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ ব্যবস্থা গ্রহন করবেন।	চেয়ারম্যান চিলমারী
২২	চেয়ারম্যান রিফাইতপুর ইউপিঃ ক) চেয়ারম্যান রিফাইতপুর ইউপি সভায় জানান যে, অত্র উপজেলায় কিছু সাংবাদিক আছে তাদের অত্যাচারে চেয়ারম্যানগন অতিষ্ট অতিদ্রুত তাদের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া দরকার বলে আলোচনা করেন।	বিস্তারিত আলোচনান্তে মনগড়া কোন কিছু লিখলে আইনি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান রিফাইতপুর
২৩	চেয়ারম্যান আদাবাড়িয়াঃ চেয়ারম্যান আদাবাড়িয়া সভায় জানান যে, এলাকার কিছু বখাটে ছেলে রাতের বেলাই বক্স বাজায় যার ফলে অনেকের সমস্যা হয় এ বিষয়ে সভায় আলোচনা করেন।	বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ দৌলতপুর থানাকে ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হয়।	চেয়ারম্যান আদাবাড়িয়া
২৪	চেয়ারম্যান পিয়ারপুরঃ চেয়ারম্যান পিয়ারপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বিভিন্ন রাস্তাঘাট ভেঙ্গে গেছে ভাঙ্গা রাস্তাগুলো ব্যাটস্ দ্বারা মেরামতের জন্য সভায় আলোচনা করেন।	উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহন করবেন।	চেয়ারম্যান পিয়ারপুর

২৫	**উপজেলা নির্বাহী অফিসার ঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২৫ ও ২৬ শে মার্চ যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য সভায় আলোচনা করেন। তিনি জানান যে, মহান স্বাধীনতা দিবস ও ২৫ শে মার্চ গণহত্যা দিবস আমাদের জাতীয় জীবনে এক স্বরনীয় দিন। দিবসটি পালনের জন্য সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।	মহান স্বাধীনতার মাস, মহান স্বাধীনতা ও ২৫ শে মার্চ গণহত্যা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার
২৬	ক) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ ক) সভায় তিনি জানান যে, তাঁর ফেব্রুয়ারি/২০২৩ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং এপ্রিল/২০২৩ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।	ক) সভায়, ফেব্রুয়ারি/২০২৩ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০৬২৫/=(দশ হাজার ছয়শত পচিশ) টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ৬৫০০/= টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং এপ্রিল/২০২৩ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৭	চেয়ারম্যান উপজেলা পরিষদ ঃ ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে তিনি জানান যে, মহান স্বাধীনতার মাস, মহান স্বাধীনতা ও ২৫ শে মার্চ গণহত্যা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সভায় আলোচনা করেন। তিনি আরো জানান যে, খলিল উদ্দীন, পিতা- রসুর উদ্দিন, গ্রাম- মহাদেবপুর , ইউনিয়ন- মথুরাপুর ২) মোঃ সদর উদ্দীন, পিতা- মৃত দবির উদ্দীন, গ্রাম- গোয়ালগ্রাম , ইউনিয়ন- বোয়ালিয়া। ৩) মোঃ জিয়ারুল ইসলাম, পিতা- মৃত শুকুর মন্ডল, গ্রাম দাড়েরপাড়া, ইউনিয়ন- দৌলতপুর ৪) মোঃ মোশারফ মন্ডল, পিতা- মোঃ ফরজ মন্ডল, গ্রাম- দাড়েরপাড়া , ইউনিয়ন- দৌলতপুর ৫) মোঃ নাদের প্রাঃ, পিতা- মোঃ ইয়াদ আলী প্রাঃ, গ্রাম- শেহালা, ইউনিয়ন- মরিচা, ৬) মোঃ আতিয়ার রহমান,পিতা- আজগর আলী বিশ্বাস, গ্রাম- মাজদিয়াড়,ইউনিয়ন- মরিচা ৭) মোঃ মতিয়ার রহমান, পিতা- মৃত হাকিম উদ্দিন,গ্রাম- সোনাইকুন্ডি,ইউনিয়ন- হোগলবাড়িয়া ৮) মোঃ নাজিম মন্ডল, পিতা- মৃত কলিম মন্ডল, গ্রাম- জয়রামপুর, ইউনিয়ন- হোগলবাড়িয়া ৯) মোঃ তাহারুল ইসলাম, পিতা- মৃত তাহাজ মন্ডল, গ্রাম- মহাম্মদপুর, ইউনিয়ন- রামকৃষ্ণপুর ১০) মোঃ ফিরোজ আলী, পিতা- মোঃ ফজলুল হক, গ্রাম- গোয়ালগ্রাম, ইউনিয়ন- বোয়ালিয়া ১১) মোঃ রহুল আমীন, পিতা- মৃত কাশেম গ্রাম- ছাতারপাড়া ইউনিয়ন - বোয়ালিয়া ১২) মোছাঃ আবু সিদ্দিক পিতা- ছের আলী মন্ডল,গ্রাম- হৃদয়পুর, ইউনিয়ন- আড়িয়া ১৩) মোঃ শিপন আলী মন্ডল, পিতা-মোঃ জদ আলী, গ্রাম- গোয়ালগ্রাম, ইউনিয়ন- বোয়ালিয়া, দৌলতপুর, কুষ্টিয়া এদের সকলের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্যে প্রদানের জন্য সভায় আলোচনা করেন।	ক) মহান স্বাধীনতার মাস, মহান স্বাধীনতা ও ২৫ শে মার্চ গণহত্যা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ও অগ্নিকান্তে ক্ষতিগ্রগ্রস্থ প্রত্যেক পরিবারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ৫,০০০/=(পাঁচ হাজার) করে টাকা অনুদান হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ
২৮	ফেব্রুয়ারি/২৩ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে । ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ৪০,০০০/= খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫৪,০০০/= গ) উপজেলা চেয়ারম্যান এরঁ ভ্রমন বিল ১০,৬২৫/= ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/=	আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

	ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২০,৯০০/= চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৫,০০০/= ছ) উপজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ৩০,০০০/= জ) উপজেলা পরিষদের অক্টোবর/২২ ও নভেম্বর/২২ মাসের স্থায়ী কমিটির মিটিং এর আপ্যায়ন বাবদ ১৬,০০০/= ঝ) দৌলতপুর, উপজেলা পরিষদের ব্যবহৃত জীপগাড়ি নং কুষ্টিয়া ঘ ১১-০০৩০ এর, জানুয়ারি/২৩ ও ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত জ্বালানী তেল ক্রয় বাবদ ৬৬,২৮৬/= ঞ) ওয়ারিদ এন্টার প্রাইজ, উপজেলা পরিষদের কম্পিউটারের টোনার ক্রয় বাবদ ১,১০০/=		

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- উঃচেঃকাঃদৌলতঃকুষ/২০২৩- (০৭) (৪০)

তারিখ ঃ ০৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা-------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান ----------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

(মোঃ শাহীদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
দৌলতপুর, কুষ্টিয়া।